



বাউবি/পরীক্ষা/বি.এড (TQI)/৩৩০/২০০৯/৬৬৮০

তারিখ : ০৩/১০/২০১৯

আঞ্চলিক পরিচালক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

আঞ্চলিক কেন্দ্র (সকল)।

তারিখ:	০৩/১০/২০১৯
স্বাক্ষর:	
পদবী:	জরুরী

বিষয় : বাউবি'র বি.এড পরীক্ষা-২০১৯ এর উত্তরপত্রে লিখোকোড পদ্ধতির OMR শীট পূরণ প্রসঙ্গে।

জ্ঞাব

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাউবি'র বি.এড পরীক্ষা-২০১৯ আগামী ১৯/১০/২০১৯ তারিখ হতে শুরু হবে। বি.এড পরীক্ষা ২০১৮ সাল হতে লিখোকোড যুক্ত উত্তরপত্রে গ্রহণ করা হচ্ছে। লক্ষ্য করা গিয়েছে যে, ২০১৮ সালের পরীক্ষায় অনেক শিক্ষার্থী OMR শীট সঠিকভাবে পূরণ করেননি। যে সকল শিক্ষার্থী OMR শীট পূরণে ভুল করেছিল তাদের ফলাফল প্রকাশে জটিলতার সৃষ্টিসহ ফল প্রকাশও বিলম্বিত হয়েছে। এমতাবস্থায় নির্ভুলভাবে OMR শীট পূরণ অত্যাবশ্যিক। শিক্ষার্থীদের এ বিষয়ে সতর্ক করার জন্য অনুরোধ করা হ'ল।

বি.এড পরীক্ষায় OMR শীটের শিক্ষার্থীর অংশ পূরণ সংক্রান্ত নির্দেশনা নিম্নরূপ:

- ০১। প্রোগ্রাম কোড : বি.এড প্রোগ্রাম কোড (০০) লিখে বৃত্তের মাধ্যমে তা ভরাট করতে হবে।
- ০২। আইডি নম্বর : ৯টি ঘর শিক্ষার্থীকে দেয়া ০৯ ডিজিটের আইডি নম্বর দ্বারা পূরণ করতে হবে।
- ০৩। বিষয় কোড : উত্তরপত্রে উল্লিখিত "প্রশ্নপত্র কোড" এর ঘরগুলি প্রশ্নপত্রে উল্লিখিত বিষয় কোড দ্বারা পূরণ করতে হবে।
- ০৪। কক্ষ পরিদর্শকের স্বাক্ষর : নির্ধারিত স্থানে কক্ষ পরিদর্শকের স্বাক্ষর ও তারিখ থাকতে হবে।
- ০৫। পরীক্ষা বিভাগ কর্তৃক প্রেরিত উপস্থিতিপত্রে নাম নেই এমন কোন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- ০৬। উপস্থিতিপত্রের শিক্ষার্থী আইডি অনুযায়ী পরীক্ষার উত্তরপত্রে শিক্ষার্থী আইডি/শিক্ষার্থী নম্বর লিখবে।
- ০৭। লিখোকোড সম্বলিত OMR এর করোগেটেড বক্স কোন অবস্থাতেই উত্তরপত্রের প্যাকেটে প্রেরণ করা যাবে না, এটি আলাদাভাবে প্রেরণ করতে হবে। লিখোকোড সম্বলিত OMR এর করোগেটেড বক্সের ভিতরে টপসীটের একটি কপি অবশ্যই দিতে হবে।
- ০৮। যদি স্থানীয়ভাবে হাজিরাসীট তৈরি করে পরীক্ষা গ্রহণের প্রয়োজন হয়, সেক্ষেত্রে পরীক্ষা নিয়ন্ত্রকের সাথে যোগাযোগ করে অনুমতি গ্রহণ সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ০৯। পরীক্ষা কেন্দ্রের উপস্থিতিপত্রের শেষের পাতায় মোট উপস্থিতি, অনুপস্থিতি ও বহিস্কৃত পরীক্ষার্থীর সংখ্যা উল্লেখ করতে হবে।
- ১০। উপস্থিতিপত্রের নির্ধারিত স্থানে কক্ষ পরিদর্শক ও পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও সীল থাকতে হবে।
- ১১। উপস্থিতিপত্রের নির্ধারিত স্থানে মূল উত্তরপত্রের নম্বর (Script no) ও অতিরিক্ত উত্তরপত্রের নম্বর লিখতে হবে।
- ১২। প্রতি সিমেন্টার পরীক্ষা শেষ হওয়ার অনূর্ধ্ব ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে উক্ত সিমেন্টারের সকল বিষয়ের উপস্থিতিপত্র পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বাহক মারফৎ সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্রে প্রেরণ নিশ্চিত করবেন।
- ১৩। উপস্থিতিপত্র ও টপসীটের ফটোকপি অবশ্যই সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রে সংরক্ষণ করতে হবে।

সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র লিখোকোড সম্বলিত উত্তরপত্রের প্রথম অংশ কর্তন করে করোগেটেড বক্সে সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রে প্রেরণ করবে। কোন অবস্থাতেই উত্তরপত্রের প্যাকেটে প্রেরণ করা যাবে না। উত্তরপত্রের প্যাকেট সরাসরি পরীক্ষা নিয়ন্ত্রক, বাউবি বরাবর প্রেরণ করতে হবে।

এমতাবস্থায়, আপনার আওতাধীন সকল স্টাডি সেন্টারে বিষয়টি অবহিতকরণ এবং স্থানীয়ভাবে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদসহ,

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বিতরণ : কার্যার্থে।

১. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
২. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৩. উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী আঞ্চলিক পরিচালক/কো-অর্ডিনেটিং অফিসার, উপ-আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি।
৪. সমন্বয়কারী, বি.এড প্রোগ্রাম (সকল স্টাডি সেন্টার), বাউবি।

অনুলিপি : অবগতির জন্য :

১. ডীন, এসওই, বাউবি।
২. রেজিস্ট্রার, বাউবি।
৩. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি।
৫. সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সংরক্ষণ নথি।